

ফাতওয়া নাম্বার:৪২৯

প্রকাশকাল:০৭-১২-২০২৩ ইং

পরিস্থিতির কারণে অপবিত্র অবস্থায় নামায পড়লে

কি ঈমান চলে যায়?

প্রশ্ন:

বেশ কয়েক বছর আগের কথা। একবার আমার উপর গোসল ফরয হয়। এ অবস্থায় নামায পড়া যায় না, তা আমি জানতাম। কিন্তু আব্বা-আম্মা জোর করে আমাকে মসজিদে পাঠিয়ে দেন। ছোট ছিলাম তাই খুলে বলার সাহস হয়নি। এটুকু বুঝতাম যে, অনেক গুনাহ হচ্ছে, তবুও মসজিদে গিয়ে কোনোমতে নামায পড়ে আসি, এও জানা ছিল যে, নামায হচ্ছে না। মনে মনে খুব লজ্জিত ও ভয়ান্ত ছিলাম। এখন জানতে চাচ্ছি, অপবিত্র অবস্থায় নামায পড়ার কারণে কি আমি ঈমান থেকে বের হয়ে গিয়েছি? এ মুহূর্তে আমার করণীয় কী?

-আব্দুল্লাহ

উত্তর:

নাপাক অবস্থায় নামায পড়া যদিও ক্ষেত্রবিশেষে কুফর, কিন্তু এভাবে পরিস্থিতির শিকার হয়ে অপবিত্র অবস্থায় নামায পড়ার কারণে আপনি ঈমান থেকে বের হয়ে যাননি ইনশাআল্লাহ। তবে এটি মারাত্মক গুনাহের কাজ হয়েছে। আপনার দায়িত্ব মন থেকে তওবা ইস্তেগফার করা,

ভবিষ্যতে আর কখনও এমন না করার দৃঢ় প্রতিজ্ঞা করা এবং উক্ত নামায পুনরায় আদায় করে নেওয়া। -হালবাতুল মুজাল্লী: ১/৬১৮ (দারুল কুতুবিল ইলমিয়াহ); রদ্দুল মুহতার: ১/৮১ (দারুল ফিকর); আল-বাহরুর রায়েক: ১/৩০১ (দারুল কিতাবিল ইসলামী); মাজমুউল আনছর: ১/৬৯৪ (দারুল ইহইয়্যাত তুরাস); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ২/২৬৯ (দারুল ফিকর)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আল-মাহদি (উফিয়া আনছ)



৩০-০৪-১৪৪৫ হি.

১৫-১১-২০২৩ ঙ.